

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

[ আইন-২ অধিশাখা ]

www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.৫৬২.২০১২-৬৮/৩

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪২৪  
৩০ জুলাই ২০১৭


বিষয়ঃ রীট পিটিশন নং-৯০৮৮/২০১৭ [পিটিশনার জনাব মোঃ আব্দুর রহিম, পিং-মোঃ আব্দুল মান্নান, ওভাশিয়ার, কালুরঘাট আইআরপি ও বুস্টার স্টেশন, চট্টগ্রাম ওয়াসা'সহ ৪জন-বনাম-সরকার ও অন্যান্য] এ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিষ্টার কর্তৃক ০৫.০৭.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২১.০৬.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম ওয়াসা কর্তৃক ১০ এপ্রিল ২০১৭ তারিখের ৪৮৩ নম্বর অফিস আদেশমূলে কর্মরত ৭(সাত)জন উপ-সহকারি প্রকৌশলীকে সহকারী প্রকৌশলী (জাতীয় বেতন স্কেলের গ্রেড-৯) পদে পদোন্নতির আদেশ চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৪ জনকে প্রতিপক্ষ করে ৪(চার)জন পিটিশনার কর্তৃক এই রীটটি দায়ের করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত অফিস আদেশটি কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মাননীয় আদালতের আদেশ মোতাবেক কারণ দর্শানোর জবাব নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত/প্রেরণ করা সম্ভব হয়নি।

২. এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণ পূর্বক জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলায় প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ ওকালতনামা ১ (এক) ফর্দ।



(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর

সলিসিটর উইং

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।